ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৪২৮৭(আগরতলা ১৮।১২)
তেলিয়ামুড়া, ১৮ ডিসেম্বর, ২০২৩

**মুঙ্গিয়াকামী ব্লকভিত্তিক বিকাশ শিবির**

# জনজাতি অংশের মানুষের কল্যাণে সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে ঃ জনজাতি কল্যাণ মন্ত্রী

প্রান্তিক জনপদের মানুষের কাছে সরকারি প্রকল্প ও পরিষেবার সুবিধা পৌঁছে দেওয়া হচ্ছে। কেন্দ্র ও রাজ্য সরকার জনগণের সার্বিক কল্যাণে কাজ করছে। এই লক্ষ্যেই রাজ্যে বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানের সূচনা হয়েছে। গত ১৬ ডিসেম্বর মুঙ্গিয়াকামী ব্লকভিত্তিক বিকাশ শিবিরের উদ্বোধন করে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা একথা বলেন। বিকাশ শিবিরের উদ্বোধন করে জনজাতি কল্যাণ মন্ত্রী আরও বলেন, জনজাতি অংশের মানুষের কল্যাণে সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এমডিসি কমল কলই, মুঙ্গিয়াকামী বিএসি চেয়ারম্যান সুনীল দেববর্মা, তেলিয়ামুড়া মহকুমা পুলিশ আধিকারিক প্রসূন কান্তি ত্রিপুরা, মুঙ্গিয়াকামী ব্লকের বিডিও সুশীল কুমার রিয়াং প্রমুখ। শিবিরে রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টল খোলা হয়। তাছাড়াও প্রশাসনিক প্রতিনিধিগণ এলাকাবাসীর সাথে ব্লকের উন্নয়ন কর্মসূচি নিয়ে মতবিনিময় করেন। শিবিরে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর থেকে প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনায় ৫ জন গর্ভবতী মহিলাকে ১ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। তাছাড়া ৪ জন গর্ভবতী মহিলাকে পোষণ কিট দেওয়া হয়। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে সুপারি, মাশরুম, আম ও কাঁঠাল চাষে সহায়তা দেওয়া হয়। মৎস্য দপ্তর থেকে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় ১ জন মৎস্যজীবিকে আইসবক্স দেওয়া হয়েছে। ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন থেকে ৩টি স্বসহায়ক দলকে ৬ লক্ষ টাকা ঋণ দেওয়া হয়। শিবিরে মহকুমা প্রশাসন থেকে ৩০০টি পিআরটিসি, এসটি, ইনকাম ও ম্যারেজ সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়েছে।

*******